# বাংলাদেশ কৃষি ব্যাংক

## প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

dgmlad1@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১৮/২০২৩

তারিখঃ ১১/১০/২০২৩

### পরিপত্র

**বিষয় ঃ ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ঋণাংকের নতুন ঋণ আবেদনসমূহের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালার আলোকে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের পূর্বে নীতিগত সম্মতি গ্রহণ প্রসঙ্গে।**

বিগত ০৩/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৪২তম সভায় ঋণের প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে এবং প্রকৃত উদ্যোক্তা বাছাইয়ের জন্য ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের পূর্বে নীতিগত সম্মতি প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ব্যাংক কর্তৃক কারিগরী, আর্থিক প্রভৃতি সার্বিক মূল্যায়নে প্রকল্পটি/প্রস্তাবটি ইতিবাচক হতে হবে;

(খ) ব্যাংকের মূল্যায়ন অনুযায়ী প্রকল্প ঋণ মোট প্রকল্প ব্যয়ের শতকরা ৬০ ভাগের অধিক হবে না এবং চলতি মুলধন ঋণ মোট প্রাক্কলিত চলতি মূলধনের শতকরা ৭০ ভাগ এর অধিক হবে না। ব্যাংকের প্রচলিত নিয়মে এবং বাস্তবতার নিরিখে চূড়ান্ত মূল্যায়ন সাপেক্ষে ঋণাংক ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হবে;

(গ) প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ (বর্তমানে ক্রেডিট বিভাগ-১) এর জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৬/২০০৭, তারিখ ০৩/০৭/২০০৭ মোতাবেক প্রকল্প ঋণ প্রস্তাব দাখিলের সাথে মোট প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৫% ইকুইটির টাকা ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় জমা রাখতে হবে। ঋণাংক বাদে প্রয়োজনীয় অবশিষ্ট ব্যয় উদ্যোক্তাকে নিজস্ব উৎস হতে বহন করতে হবে মর্মে উদ্যোক্তার নিকট হতে অঙ্গীকারনামা নিতে হবে;

(ঘ) প্রস্তাবিত প্রকল্প এবং চলতি মুলধন ঋণাংক ১০০% জামানত দ্বারা আবৃত করতে হবে;

(ঙ) এ অনুমোদনের ক্ষেত্রে ব্যাংকের বর্তমানে প্রচলিত এবং ভবিষ্যতে জারিতব্য সকল নিয়মাবলী যথারীতি প্রযোজ্য হবে;

(চ) ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় কর্তৃক প্রকল্পের/ব্যবসার ধরণ অনুযায়ী প্রাথমিক অবস্থায় প্রয়োজনীয় কাগজপত্র উদ্যোক্তার নিকট হতে সংগ্রহ করতে হবে;

(ছ) কাগজপত্রাদি প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে প্রাথমিক সম্মতির প্রস্তাব নিষ্পত্তি করতে হবে; এবং

(জ) নীতিগত সম্মতি গ্রহনের পর চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র যথাযথভাবে প্রাপ্তির সর্বোচ্চ ০৪ (চার) মাসের মধ্যে প্রস্তাবটির চূড়ান্ত নিষ্পত্তি করতে হবে।

০২। ১০.০০ (দশ) কোটি টাকা পর্যন্ত নতুন ঋণ কেসের নীতিগত সম্মতি গ্রহণের প্রয়োজন হবে না। নতুন ঋণের ক্ষেত্রে ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ঋণ কেইস প্রধান কার্যালয়ের নীতিগত সম্মতির জন্য প্রেরণ করতে হবে। নতুন ঋণের জন্য ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে আবেদন বিষয়ে সংশ্লিষ্ট শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকের মতামত/মন্তব্যসহ নীতিগত সম্মতির জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

স্থানীয় মুখ্য কার্যালয় ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বের নতুণ ঋণ আবেদনের নীতিগত সম্মতির ক্ষেত্রে নির্ধারিত ছকে তথ্যাদিসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। নীতিগত সম্মতির জন্য নিম্লোক্ত তথ্যাদি সম্বলিত বিবরণী (Terms of reference) সুপারিশসহ প্রেরণ করতে হবেঃ

(১) প্রস্তাবিত প্রকল্প/প্রতিষ্ঠানের স্থান সংশ্লিষ্ট শাখা কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক জমির অবস্থান, পরিমাণ, মূল্যসহ পানি, বিদ্যুৎ, যাতায়াত সুবিধা অবস্থানগত দিক ইত্যাদি বিবেচনায় প্রস্তাবিত স্থান প্রকল্প স্থাপনের/প্রতিষ্ঠানের জন্য উপযোগী কি না সে সম্পর্কে তথ্য ও মতামত থাকতে হবে;

(২) আনুমানিক প্রকল্প/প্রতিষ্ঠানের ব্যয়, প্রার্থিত ঋণের পরিমাণ, ইকুইটি/মার্জিন হিসাবে উদ্যোক্তা কত টাকা বিনিয়োগ করতে সক্ষম, ইকুইটি/মার্জিনের টাকা প্রাপ্তির উৎস এবং উদ্যোক্তার আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে মতামত থাকতে হবে;

(৩) প্রস্তাবিত প্রকল্প/প্রতিষ্ঠানের ব্যয়ের সাথে এ জাতীয় প্রকল্প/ প্রতিষ্ঠানের ব্যয়ের তথ্য প্রদান করতে হবে;

চলমান পাতা-০২

**বিষয় ঃ ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ঋণাংকের নতুন ঋণ আবেদনসমূহের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালার আলোকে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের পূর্বে নীতিগত সম্মতি গ্রহণ প্রসঙ্গে।**

(৪) উদ্যোক্তা/উদ্যোক্তাদের বিস্তারিত বায়োডাটা, উদ্যোক্তাদের স্থায়ী/বর্তমান ঠিকানা, উদ্যোক্তাগণ যে সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানের সাথে জড়িত তাদের বিবরণ ও ঠিকানা থাকতে হবে;

(৫) উদ্যোক্তাগণের সংশ্লিষ্ট প্রকল্প/ প্রতিষ্ঠান সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ এবং উদ্যোক্তাগণের সাংগঠনিক ও ব্যবস্থাপনাগত যোগ্যতা প্রকল্প/ প্রতিষ্ঠান স্থাপনে সহায়ক কি না সে বিষয়ে মতামত থাকতে হবে;

(৬) উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নিজ নামে/তাদের পরিবারভুক্ত সদস্য/ব্যবসা প্রতিষ্ঠানের নামে বিকেবি/অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়-দেনার হালনাগাদ তথ্য থাকতে হবে;

(৭) উদ্যোক্তা প্রকল্প স্থানে অবস্থান করেন কি না। অবস্থান করলে/না করলে প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা কিভাবে পরিচালিত হবে তার বিবরণ থাকতে হবে;

(৮) উৎপাদিত পণ্যের কাঁচামাল সংগ্রহ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণের সামগ্রিক ব্যবস্থা এবং পুর্বাভাস সম্পর্কে তথ্য ও মতামত থাকতে হবে;

(৯) উক্ত অঞ্চলে স্থাপিত/অর্থায়িত প্রকল্পের সামগ্রিক অবস্থার বিবরণ থাকতে হবে;

(১০) প্রকল্পের জন্য অতিরিক্ত সহায়ক জামানত ও চলতি মুলধন ঋণের জন্য জামানত প্রদানে সক্ষম কি না সে বিষয়ে তথ্য ও মতামত থাকতে হবে;

০৪। এছাড়া, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, এসএমই, ওয়ার্কিং ক্যাপিটাল/সিসি ঋণ সহ সকল ঋণ কেইস সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। কোন অবস্থাতেই ঋণের আবেদন মূল্যায়ন ব্যতিরেকে প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

০৫। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ঋণাংকের নতুন ঋণ আবেদনসমূহের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নীতিমালার আলোকে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের পূর্বে নির্ধারিত ছকে (সংযুক্তি-০১) তথ্যাদি উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের সুপারিশসহ নীতিগত সম্মতি গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

১১/১০/২০২৩

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

বিতরণঃ

০১। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৩)/৩(৫১)/২০২৩-২০২৪/ ৮৫৪(৫) তারিখঃ ১১/১০/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি / মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি- ০১

## নীতিগত সম্মতি গ্রহণের জন্য ছক

সরেজমিনে প্রকল্প পরিদর্শনের তারিখ ঃ
সংশ্লিষ্ট ব্যাংক শাখা ও অঞ্চল ঃ

(১) প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের নাম ঃ

(২) প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণঃ

ক) প্রকল্পের/প্রতিষ্ঠানের প্রকৃতি ও উদ্দেশ্য ঃ
খ) অবস্থান (দাগ নং, খতিয়ান নং, মৌজার নামসহ) ঃ
গ) অফিস ঠিকানা ঃ
ঘ) জমির পরিমাণ ঃ
ঙ) জমির মূল্য ঃ
চ) প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ত্ব ঃ
ছ) আইনগত স্বত্বা (একক মালিকানাধীন/অংশীদারী ফার্ম/লিঃ কোম্পানি/অন্যান্য) ঃ
জ) অবকাঠামোগত দিকঃ
(১) পানি সরবরাহ ঃ
(২) বিদ্যুৎ সরবরাহ ঃ
(৩) গ্যাস সরবরাহ ঃ
(৪) যাতায়াত সুবিধা ঃ
ঝ) প্রকল্প স্থাপনের/প্রতিষ্ঠানের উপযোগিতা সম্পর্কে মতামত ঃ

(৩) উদ্যোক্তার বিবরণঃ

| ক্রঃ নং | নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | পদবী/মর্যাদা | শেয়ার সংখ্যা | বয়স | প্রশিক্ষণ ও শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

(৪) প্রস্তাবিত প্রকল্প/ব্যবসা ব্যাংক অনুমোদিত খাত কিনা ঃ

(৫) প্রকল্প ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| ক্রঃ নং | বিবরণ | ব্যয়িত | ব্যয়তব্য | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ইকুইটি | ব্যাংক ঋণ | | | সর্বমোট |
| | | | | স্থাঃ মুঃ | বৈঃ মুঃ | মোট | |
| | | | | | | | |

(৬) প্রার্থীত ঋণের পরিমাণ ঃ

(৭) প্রকল্পের উৎপাদন ক্ষমতা ঃ

(৮) উদ্যোক্তার ইকুইটি/মার্জিন এর টাকার উৎস/বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

(৯) চলতি মূলধনের পরিমাণঃ

(১) ব্যাংক ঋণ (...%) ঃ ... ... ... ... ... ... লক্ষ টাকা।
(২) উদ্যোক্তার ইকুইটি (...%) ঃ ... ... ... ... ... ... লক্ষ টাকা।
মোট ঃ ... ... ... ... ... ... লক্ষ টাকা।

(১০) ঋণের বিপরীতে প্রস্তাবিত জামানত ও মূল্য সম্পর্কিত তথ্যঃ

(১১) উদ্যোক্তা/কোম্পানি/সহযোগি প্রতিষ্ঠানের দায়-সম্পদের তথ্য (যদি থাকে) ঃ

(১২) প্রাসঙ্গিক তথ্য/মন্তব্যঃ

(১৩) সুপারিশঃ

(ক) ব্যবস্থাপক/কর্পোরেট শাখার সহকারী মহাব্যবস্থাপক (ঋণ)/ঋণ শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তাঃ

(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/কর্পোরেট শাখার উপমহাব্যবস্থাপক/স্থানীয় মুখ্য কার্যালয়ের ঋণ শাখার দায়িত্বপ্রাপ্ত উপমহাব্যবস্থাপক ঃ

(গ) সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা) ঃ